
"আমরা স্বাবলম্বী হবো
সকলে কর দেবো।"

"আমরা বদলে যাবো
আমরা বদলে দেবো।"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-১৫, ঢাকা

# উৎসে কর কর্তন নির্দেশিকা
## অর্থ বছর: ২০২৩-২০২৪




রিজ আহমেদ স্কয়ার
৫০/১ ভি.আই.পি. রোড, নয়াপল্টন, ঢাকা
ফোন: ০২-৪৯৩৫০৫২২
email: taxeszone15dhaka@gmail.com

www. taxeszone15dhaka.gov.bd

**আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৪৬ ও উৎস কর বিধিমালা, ২০২৩ এর বিধি ৮ অনুযায়ী উৎসে কর্তনকৃত/সংগৃহীত আয়কর জমার সময়সীমা নিম্নরুপ ঃ**

| ক্রমিক নং | আয়কর কর্তন বা সংগ্রহের সময়কাল | কর্তিত/সংগৃহীত কর সরকারি কোষাগারে জমা দেওয়ার সময়সীমা |
|---|---|---|
| ০১ | জুলাই হতে মে মাস পর্যন্ত | কর কর্তন বা সংগ্রহ সংশ্লিষ্ট মাস শেষ হওয়ার ২ সপ্তাহের মধ্যে |
| ০২ | জুন মাসের ১ হতে ২০ তারিখ | কর কর্তন বা সংগ্রহের পরবর্তী ৭ দিনের মধ্যে |
| ০৩ | জুন মাসের অবশিষ্ট দিনগুলি | কর কর্তন বা সংগ্রহের পরবর্তী দিন |

**কর অঞ্চল-১৫ ঢাকার অধিক্ষেত্রাধীন আয়কর জমার কোড ঃ**

| | |
|---|---|
| **কোম্পানী করদাতাদের ক্ষেত্রে (স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্যান্য করদাতা)** | **১-১১৪১-০১১০-০১০১** |
| **স্বাভাবিক ব্যক্তি করদাতার ক্ষেত্রে** | **১-১১৪১-০১১০-০১১১** |

**উৎসে কর্তিত/সংগৃহীত আয়কর জমাদানের পদ্ধতি ঃ**

- উৎসে কর্তিত/সংগৃহীত করসহ অন্যান্য সকল আয়কর সরকারি কোষাগারে জমা প্রদানের ক্ষেত্রে অটোমেটেড চালান (এ-চালান) বা ই-পেমেন্ট এর মাধ্যমে জমা প্রদান করতে হবে (বিধি ৯)।
- অটোমেটেড চালান (এ-চালান) এর মাধ্যমে আয়কর পরিশোধের জন্য ভিজিট করুন - https://ibas.finance.gov.bd/acs.

## কর অঞ্চল-১৫ ঢাকা এর অনুকূলে উৎসে আয়করের বিশেষ অধিক্ষেত্র :

| ক্রমিক নং | ধারা | উৎসের খাত | উৎসে কর কর্তনের/সংগ্রহের হার | উৎসে কর কর্তন/ আদায়ের স্থান বা এলাকা |
|---|---|---|---|---|
| ১. | ধারা - ১০৮ | আন্তর্জাতিক ফোন কল বাবদ | IGW ১.৫%<br>ICX, ANS, BTRC এবং অন্যান্যদের ক্ষেত্রে ৭.৫% | সমগ্র বাংলাদেশ |
| ২. | ধারা - ১১১ | সরকার কর্তৃক স্থাবর সম্পত্তির অধিগ্রহণ বাবদ প্রদেয় ক্ষতিপূরণ | সিটি কর্পোরেশন, পৌরসভা বা ক্যান্টমেন্ট বোর্ড এর অধীনে ৬%<br>অন্যান্য ক্ষেত্রে ৩% | ঢাকা জেলা |
| ৩. | ধারা - ১২২ | সিএন্ডএফ এজেন্টকে প্রদেয় ফি | ১০% | ঢাকা জেলা |

### উৎসে আয়কর কর্তন/সংগ্রহকারী কর্তৃপক্ষ কর্তৃক বিল গ্রহণকারীকে প্রত্যয়নপত্র প্রদান ঃ

- উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ যে ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে কর কর্তন/সংগ্রহ করবেন তাকে চালানের কপিসহ এই বিষয়ে একটি Certificate প্রদান করবেন। [ধারা ১৪৫/বিধি ১০]

- চাকরি হতে আয় খাতের অধীন শ্রেণিকরণ যোগ্য প্রাপকের আয়, যাহা সরকার কর্তৃক পরিশোধিত বেতন নহে, এর ক্ষেত্রে আয়কর কর্তন/সংগ্রহের ক্ষেত্রে উৎসে কর বিধিমালা, ২০২৩ বিধি ১০ (১) এ বর্ণিত **তফসিল-২** মোতাবেক সনদ প্রদান করতে হবে। [বিধি ১০(১)]
- ধারা ৮৬ ব্যতীত অন্য কোন ধারার অধীনে কর কর্তন/সংগ্রহের ক্ষেত্রে উৎসে কর বিধিমালা, ২০২৩ বিধি ১০ (২) এ বর্ণিত **তফসিল-৩** মোতাবেক সনদ প্রদান করতে হবে। [বিধি ১০(২)]
- উপরিউক্ত দুটি ক্ষেত্র ব্যতীত আয়কর আইন, ২০২৩ এর অংশ ৭ এর অধীনে কর কর্তন/সংগ্রহের ক্ষেত্রে উৎসে কর বিধিমালা, ২০২৩ বিধি ১০ (৩) এ বর্ণিত **তফসিল- ৪** মোতাবেক সনদ প্রদান করতে হবে। [বিধি ১০(৩)]

### উৎসে কর কর্তনকারীগণ লক্ষ্য করুন:-

- TDS কর্তনকারী কর্তৃপক্ষ বিল গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে একটি Certificate প্রদান করবেন। (ধারা ১৪৫, বিধি ১০)
- TDS কর্তনকারী কর্তৃপক্ষ বিল গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও কর্তিত কর সরকারী কোষাগারে জমা চালান নম্বর সম্বলিত বিবরণী "কর কমিশনার, কর অঞ্চল-১৫, ঢাকা" এর বরাবরে প্রতি মাসে প্রেরণ করবেন। {ধারা ১৪৬, বিধি ১০}

# উৎসে কর কর্তন/আদায়ের উল্লেখযোগ্য খাত এবং বিদ্যমান হার

## (০১ জুলাই, ২০২৩ হতে প্রযোজ্য)

| ক্রঃ | ধারা | উৎসের খাত | উৎসে কর কর্তনের/সংগ্রহের হার | |
|---|---|---|---|---|
| ১. | ধারা-৮৬ | চাকরির আয় | প্রযোজ্য করের গড় হার | |
| ২. | ধারা-৮৭ | সংসদ সদস্যগণের সম্মানী | প্রযোজ্য করের গড় হার | |
| ৩. | ধারা-৮৮ | শ্রমিক অংশগ্রহণ তহবিল(WPF) হতে সুবিধাভোগীকে অর্থ পরিশোধ | ১০% | |
| ৪. | ধারা-৮৯<br>বিধি - ৩ | ঠিকাদার, সরবরাহকারী ইত্যাদিকে প্রদত্ত অর্থ হতে কর কর্তন<br>ক) অংশ-৭ এর অন্য কোন ধারায় উল্লিখিত পরিসেবা প্রদান বা সরবরাহের জন্য চুক্তি ব্যতীত অন্য কোন চুক্তি সম্পাদন;<br>খ) পণ্য সরবরাহ;<br>গ) উৎপাদন, প্রক্রিয়াকরণ বা রূপান্তর;<br>ঘ) মুদ্রণ, প্যাকেজিং বা বাঁধাই | ক) ভিত্তি মূল্যের পরিমাণ ৫০ লক্ষ টাকার অধিক নয় | ৩% |
| | | | খ) ভিত্তি মূল্যের পরিমাণ ৫০ লক্ষ টাকার অধিক কিন্তু ২ কোটি টাকার অধিক নয় | ৫% |
| | | | গ) ভিত্তি মূল্যের পরিমাণ ২ কোটি টাকার অধিক | ৭% |
| | | | তবে শর্ত থাকে যে, সিগারেট, বিড়ি, জর্দা, তামাক পাতা, গুলসহ যেকোন ধরনের তামাকজাত পণ্য সরবরাহের ক্ষেত্রে উৎসে কর কর্তনের হার ১০% হবে।<br><br>ভিত্তি মূল্য বলতে চুক্তি মূল্য, বিল বা ইনভয়েসের অংক অথবা পরিশোধ এই ৩টি বিষয়ের মধ্যে যা অধিক তাকে বুঝাবে [ধারা ১৪০(৫)]। | |
| | | পেট্রোলিয়াম তেল ও লুব্রিকেন্ট বিপণন ব্যবসায় নিয়োজিত কোম্পানি কর্তৃক তেল সরবরাহ | যে কোন অংক | ০.৬% |
| | | পেট্রোল পাম্প স্টেশন ব্যতীত তেল বিপণন কোম্পানির ডিলার বা এজেন্ট কর্তৃক তেল সরবরাহ | যে কোন অংক | ১% |
| | | তেলশোধন কার্যক্রমে নিযুক্ত কোন কোম্পানি কর্তৃক তেল সরবরাহ | যে কোন অংক | ৩% |
| | | গ্যাস ট্রান্সমিশনে নিয়োজিত কোম্পানীর ক্ষেত্রে | যে কোন অংক | ৩% |
| | | গ্যাস বিতরণে নিযুক্ত কোম্পানির ক্ষেত্রে | যে কোন অংক | ৩% |
| | | স্থানীয় পর্যায়ে নিজস্ব Vertical Continuous Vulcanization Line আছে এরূপ কোম্পানি কর্তৃক তৈরিকৃত ৩৩ কেভি হতে ৫০০ কেভি Extra High Voltage Power Cable সরবরাহের ক্ষেত্রে | যে কোন অংক | ৩% |
| | | এম এস বিলেট ব্যতীত সিমেন্ট, লোহা, লৌহ পণ্য, অথবা ফেরো এ্যালয় পণ্য উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে | যে কোন অংক | ২% |
| | | এম এস বিলেট উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে | যে কোন অংক | ০.৫% |
| | | স্থানীয়ভাবে ক্রয়কৃত এম এস স্ক্র্যাপের ক্ষেত্রে | যে কোন অংক | ০.৫% |
| | | চাল, গম, আলু, পিঁয়াজ, রসুন, মটর, ছোলা, মসুর, আদা, হলুদ, শুকনা মরিচ, ডাল, ভূট্টা, আটা, ময়দা, লবন, ভোজ্য তেল, চিনি, গোলমরিচ, এলাচ, দারুচিনি, লবঙ্গ, খেজুর, তেজপাতা, পাট, তুলা, সুতা এবং সকল ধরনের ফলের ক্ষেত্রে | যে কোন অংক | ২% |
| | | সরকার, সরকারের কোন কর্তৃপক্ষ, কর্পোরেশন বা সরকারের সংস্থা এবং এর সকল সংযুক্ত ও অধীনস্থ অফিস ব্যতীত অন্য কোন ব্যক্তিকে বই সরবরাহের ক্ষেত্রে | যে কোন অংক | ৩% |
| | | খুচরো ব্যবসায়ীর নিকট ট্রেডিং পণ্য সরবরাহের ক্ষেত্রে | যে কোন অংক | ৫% |
| | | উৎপাদনকারী প্রতিষ্ঠানে কাঁচামাল সরবরাহের ক্ষেত্রে | যে কোন অংক | ৪% |

| ক্রঃ | ধারা | উৎসের খাত | উৎসে কর কর্তনের/সংগ্রহের হার |
|---|---|---|---|
| ৫. | ধারা-৯০ | উপদেষ্টা বা পরামর্শ | ১০% |
| | বিধি-৪ | পেশাদার সেবা (Professional service), প্রযুক্তিগত সেবা ফি (technical service fee), বা প্রযুক্তিগত সহায়তা ফি (technical know-how or technical assistance fee) | ১০% |
| | | ক্যাটারিং; ক্লিনিং; সংগ্রহ এবং পুনরুদ্ধার এজেন্সি; ব্যক্তিগত নিরাপত্তা; জনবল সরবরাহ; ক্রিয়েটিভ মিডিয়া; জনসংযোগ; ইভেন্ট পরিচালনা; প্রশিক্ষণ, কর্মশালা ইত্যাদি পরিচালনা; কুরিয়ার সার্ভিস; প্যাকিং এবং শিফটিং; একই প্রকৃতির অন্যান্য সেবা- | (১) কমিশন বা ফি এর উপরে ১০%<br>(২) মোট বিলের উপরে ২% |
| | | মিডিয়া ক্রয়ের এজেন্সি সেবা | (১) কমিশন বা ফি এর উপরে ১০%<br>(২) মোট বিলের উপরে ০.৬৫% |
| | | ইন্ডেন্টিং কমিশন | ৮% |
| | | মিটিং ফি, ট্রেনিং ফি বা সম্মানী | ১০% |
| | | মোবাইল নেটওয়ার্ক অপারেটর, প্রযুক্তিগত সহায়তা সেবা প্রদানকারী | ১২% |
| | | ক্রেডিট রেটিং এজেন্সি | ১০% |
| | | মোটর গ্যারেজ ও ওয়ার্কশপ | ৮% |
| | | ব্যক্তিগত কন্টেইনার পোর্ট বা ডকইয়ার্ড | ৮% |
| | | শিপিং এজেন্সি কমিশন | ৮% |
| | | স্টিভডোরিং/বার্থ অপারেশন কমিশন | কমিশন বা ফি এর উপরে ১০%<br>মোট বিলের উপরে ৫% |
| | | (১) পরিবহন সেবা, গাড়ি ভাড়া<br>(২) রাইড শেয়ারিং সেবা, ওয়ার্কিং স্পেস সরবরাহ সেবা, আবাসন সরবরাহ সেবাসহ যে কোন প্রকার শেয়ারিং ইকোনোমিক প্ল্যাটফর্ম | ৫% |
| | | বিদ্যুৎ সঞ্চালনায় নিয়োজিত হুইলিং চার্জ | ৩% |
| | | ইন্টারনেট | ১০% |
| | | মোবাইল ফাইন্যান্সিয়াল সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের এজেন্ট, ডিস্ট্রিবিউটর, এজেন্সি বা চ্যানেল পার্টনার যে নামেইঅভিহিত হোক না কেন | ১০% |
| | | উপরে উল্লিখিত নয় এবং কোনো ব্যাংক, ইন্সুরেন্স, মোবাইল ফাইন্যান্সিয়াল সেবা অথবা আর্থিক প্রতিষ্ঠানের সেবা প্রদান নয় এমন কোনো সেবা | ১০% |
| ৬. | ধারা-৯১ | স্পর্শাতীত সম্পত্তির জন্য পরিশোধিত অর্থ (রয়্যালটি, ফ্র্যাঞ্চাইজি, লাইসেন্স, ট্রেডমার্ক, পেটেন্ট, কপিরাইট, শিল্প নকশা, উদ্ভিদের জাত, ভৌগলিক নির্দেশক পণ্য) | ভিত্তিমূল্য ২৫ লক্ষ টাকা পর্যন্ত ১০%<br>ভিত্তিমূল্য ২৫ লক্ষ টাকার অধিক ১২% |
| ৭. | ধারা-৯২ | প্রচার মাধ্যমের বিজ্ঞাপন আয় | ৫% |
| ৮. | ধারা-৯৩ | অভিনেতা, অভিনেত্রী, প্রযোজক ইত্যাদি ব্যক্তিকে পরিশোধিত অর্থ | ১০% |
| ৯. | ধারা-৯৪ | কমিশন, ডিসকাউন্ট, ফি ইত্যাদি | পরিবেশকের কমিশন হতে ১০%, বাজারজাতকারীরর পরিশোধ হতে ১.৫%, ডিসকাউন্টেড পণ্যের বিক্রয়মূল্য হতে ০.২৫%, সিগারেটের ডিসকাউন্ট হতে ৩% |
| ১০. | ধারা-৯৫ | ট্রাভেল এজেন্টের নিকট হতে | রূপান্তরযোগ্য অর্থের ০.৩% |
| ১১. | ধারা-৯৬ | ঋণপত্রের (এলসি) কমিশন হিসেবে প্রাপ্ত অর্থ হতে কর্তন | ৫% |

| ক্রঃ | ধারা | উৎসের খাত | উৎসে কর কর্তনের/সংগ্রহের হার |
|---|---|---|---|
| ১২. | ধারা-৯৭ | স্থানীয় ঋণপত্রের কমিশন হিসেবে প্রাপ্ত অর্থ হতে কর্তন | * উপধারা (১) অনুযায়ী ক্রেতার পক্ষে বিক্রেতাকে অর্থ পরিশোধের ক্ষেত্রে উৎসে করের পরিমাণ-৩%<br>* উপধারা (২) পরিবেশক এর পক্ষে বিক্রেতাকে অর্থ পরিশোধের ক্ষেত্রে-১%<br>* উপধারা-৩ উল্লিখিত পণ্য, ধান, গম, গোল আলু, পেঁয়াজ ইত্যাদি পণ্যের ক্ষেত্রে স্থানীয় ঋণপত্র খোলা বা অন্য কোন অর্থায়ন চুক্তির ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত বা ঋণকৃত পরিমাণের ২% |
| ১৩. | ধারা-৯৮ | সেলুলার মোবাইল ফোন অপারেটর কর্তৃক পরিশোধিত অর্থের উপর | ১০% |
| ১৪. | ধারা-৯৯ | জীবন বীমা পলিসির প্রিমিয়ামের অতিরিক্ত কোন পরিশোধ | ৫% |
| ১৫. | ধারা-১০০ | বীমা কমিশনের অর্থ পরিশোধ হতে | ৫% |
| ১৬. | ধারা-১০১ | সাধারণ বীমা কোম্পানির জরিপকারীদের ফি | ১৫% |
| ১৭. | ধারা-১০২ | সঞ্চয় আমানত ও স্থায়ী আমানত, ইত্যাদি হতে কর কর্তন | কোম্পানীর ক্ষেত্রে ২০%, RPFবা গ্র্যাচুইটি বা পেনশন ফান্ডের ক্ষেত্রে ৫%এবংঅন্যান্য ক্ষেত্রে ১০% |
| ১৮. | ধারা-১০৩ | পোস্ট অফিস সঞ্চয় ব্যাংক হিসাবে জমার উপর সুদ হতে | ১০% |
| ১৯. | ধারা-১০৪ | নিবাসী ব্যাক্তিকে পরিশোধিত সুদ হতে কর কর্তন | ১০% |
| ২০. | ধারা-১০৫ | সঞ্চয়পত্রের উপর সুদ প্রদান | যে কোন সঞ্চয়পত্রের মুনাফার উপর ১০%<br>[পেনশনার সঞ্চয়পত্রে পুঞ্জিভূত বিনিয়োগ ৫ লক্ষ টাকা অতিক্রম করলে উৎসে কর কর্তন প্রযোজ্য] |
| ২১. | ধারা-১০৬ | সিকিউরিটিজের সুদ/মুনাফা/ডিসকাউন্ট | ৫% |
| ২২. | ধারা-১০৭ | বাংলাদেশ ব্যাংক বিল এর ডিসকাউন্ট | সর্বোচ্চ হারে |
| ২৩. | ধারা-১০৮ | আন্তর্জাতিক ফোন কলের জন্য প্রাপ্ত অর্থ হইতে | ইনকামিং কল বাবদ IGW কোম্পানীর ব্যাংক হিসাবে জমাকৃত অর্থ হতে ১.৫%, IGW কোম্পানী কর্তৃক ICX, ANS, BTRC বা অন্যান্যদের পরিশোধিত অর্থের ৭.৫% |
| ২৪. | ধারা-১০৯ | ভাড়া হতে উৎসে কর | ৫% |
| ২৫. | ধারা-১১০ | কনভেনশন হল, কনফারেন্স সেন্টার ইত্যাদি সেবা প্রদান | ৫% |
| ২৬. | ধারা-১১১ | সরকার কর্তৃক স্থাবর সম্পত্তির অধিগ্রহণ বাবদ প্রদেয় ক্ষতিপূরণ | সিটি কর্পোরেশন, পৌরসভা বা ক্যান্টমেন্ট বোর্ড এর অধীনে ৬%<br>অন্যান্য ক্ষেত্রে ৩% |
| ২৭. | ধারা-১১২ | নগদ রপ্তানি ভর্তূকির উপর | ১০% |
| ২৮. | ধারা-১১৩ | পরিবহন মাসুল ফরওয়ার্ড এজেন্সি কমিশন | ১৫% |
| ২৯. | ধারা-১১৪ | বিদ্যুৎ ক্রয়ের বিপরীতে কর কর্তন | ৬% |
| ৩০. | ধারা-১১৫ | রিয়েল এস্টেট উন্নয়নকারির (ডেভেলপার) নিকট হইতে ভূমির মালিক কর্তৃক প্রাপ্ত আয় | ১৫% |
| ৩১. | ধারা-১১৬ | বিদেশি ক্রেতার এজেন্টকে প্রদত্ত কমিশন বা পারিশ্রমিক | ১০% |
| ৩২. | ধারা-১১৭ | ডিভিডেন্ড/লভ্যাংশ | ক) কোম্পানির ক্ষেত্রে কোম্পানীর উপর প্রযোজ্য হারে;<br>খ) কোম্পানি ব্যতিত ব্যক্তির ক্ষেত্রে:<br>টিআইএন থাকলে ১০%<br>টিআইএন না থাকলে ১৫% |
| ৩৩. | ধারা-১১৮ | লটারি, ইত্যাদি হতে প্রাপ্ত আয় | ২০% |
| ৩৪. | ধারা-১১৯ | অনিবাসীর আয় হতে উৎসে কর কর্তন | উৎসে কর বিধিমালা, ২০২৩ বিধি ৫ এর বিধান অনুযায়ী |
| ৩৫. | ধারা-১২০ | আমদানীকারকদের নিকট হতে | উৎসে কর বিধিমালা, ২০২৩ বিধি ৭ এর বিধান অনুযায়ী |

| ক্রঃ | ধারা | উৎসের খাত | উৎসে কর কর্তনের/সংগ্রহের হার |
|---|---|---|---|
| ৩৬. | ধারা-১২১ | জনশক্তি রপ্তানি বাবদ গৃহীত সার্ভিস চার্জ | ১০% |
| | | জনশক্তি রপ্তানিকারকগণের লাইসেন্স ইস্যু/নবায়ন | টাকা ৫০,০০০/- |
| ৩৭. | ধারা-১২২ | সিএন্ডএফ এজেন্টকে প্রদেয় ফি | ১০% |
| ৩৮. | ধারা-১২৩ | রপ্তানি আয় | ১% |
| ৩৯. | ধারা-১২৪ | কোন সেবা, রেভিনিউ শেয়ারিং ইত্যাদি বাবদ বিদেশ হতে প্রেরিত আয় | ১০%<br>ম্যানুফ্যাকচারিং, প্রসেস বা কনভারসন, পূর্ত কাজ, নির্মাণ, প্রকৌশল কাজের সম্পাদিত চুক্তির বিপরীতে বিদেশ হতে বাংলাদেশে প্রেরিত অর্থের উপর ৭.৫% |
| ৪০. | ধারা-১২৫ | সম্পত্তি হস্তান্তর | উৎসে কর বিধিমালা, ২০২৩ বিধি ৬ এর বিধান অনুযায়ী |
| ৪১. | ধারা-১২৬ | রিয়েল এস্টেট এবং ভুমি উন্নয়নকারীর নিকট হতে | উৎসে কর বিধিমালা, ২০২৩ বিধি ৬ক এর বিধান অনুযায়ী |
| ৪২. | ধারা-১২৭ | সরকারি স্ট্যাম্প, কোর্ট ফি, কার্টিজ পেপার বাবদ পরিশোধিত কমিশন/ফি/বাট্টা | ১০% |
| ৪৩. | ধারা-১২৮ | স্থাবর সম্পত্তির ইজারা(অন্যূন ১০ বছর মেয়াদী) | ৪% |
| ৪৪. | ধারা-১২৯ | সিগারেট উৎপাদনকারীর নিকট হতে কর | ১০% |
| ৪৫. | ধারা-১৩০ | ইট প্রস্তুতকারকের নিকট হতে কর | এক সেকশন ইট ভাটা ৪৫,০০০/-<br>দেড় সেকশন ইট ভাটা ৭০,০০০/-<br>দুই সেকশন ইট ভাটা ৯০,০০০/-<br>অটোমেটিক ইট ভাটা ১,৫০,০০০/- |
| ৪৬. | ধারা-১৩১ | ট্রেড লাইসেন্স ইস্যু বা নবায়ন | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জন্য ৩,০০০/-<br>অন্যান্য সিটি কর্পোরেশনের জন্য ২,০০০/-<br>জেলা সদরের পৌরসভার জন্য ১,০০০/- এবং অন্যান্য পৌরসভার জন্য ৫০০/- |
| ৪৭. | ধারা-১৩২ | কোন নিবাসী কর্তৃক জাহাজ ব্যবসা | প্রেরিতব্য মালামালের ৫%;<br>দুই বা ততোধিক দেশ কর্তৃক প্রদত্ত পরিষেবা বিনিময়ে গৃহীত পরিবহনকৃত মালের উপর ৩% |
| ৪৮. | ধারা-১৩৩ | প্রকাশ্য নিলামে দ্রব্যাদি বিক্রয় বা সম্পত্তির স্বত্ত্ব হস্তান্তর | ১০%<br>তবে চা বিক্রয়ের ক্ষেত্রে ১% |
| ৪৯. | ধারা-১৩৪ | তালিকাভূক্ত নয় এরূপ কোম্পানির শেয়ার হস্তান্তর | ১৫% |
| ৫০. | ধারা-১৩৫ | সিকিউরিটিজ হস্তান্তর হতে কর সংগ্রহ(স্পন্সর শেয়ার হোল্ডার বা ডিরেক্টর বা হোল্ডিং কোম্পানির স্টক বা মিউচুয়াল ফান্ড ইউনিট হস্তান্তর) | ৫% |
| ৫১. | ধারা-১৩৬ | কোন স্টক এক্সচেঞ্জের শেয়ার হোল্ডারদের শেয়ার হস্তান্তর | ১৫% |
| ৫২. | ধারা-১৩৭ | স্টক এক্সচেঞ্জের সদস্যদের নিকট হতে কর সংগ্রহ | শেয়ার, ডিবেঞ্চার ও মিউচুয়াল ফান্ড লেনদেনের ক্ষেত্রে বা স্টক এক্সচেঞ্জের সদস্যের দ্বারা সিকিউরিটিজ লেনদেনের মূল্য পরিশোধকালে মোট লেনদেন মূল্যের উপর ০.০৫% [সুকুক ও বন্ড হস্তান্তরের ক্ষেত্রে প্রযোজ্য নয়] |
| ৫৩. | ধারা-১৩৮ | বাণিজ্যিক যানবাহন রেজিস্ট্রেশন ও ফিটনেস নবায়ন | ধারা-১৩৮ এর বিধান অনুযায়ী |
| ৫৪. | ধারা-১৩৯ | অভ্যন্তরীণ নৌযান পরিচালনা | ধারা-১৩৯ এর বিধান অনুযায়ী |
| ৫৫. | ধারা-১৫৩ | ব্যক্তিগত মোটর গাড়ীর মালিকের নিকট হতে অগ্রিম কর সংগ্রহ | ধারা-১৫৩ এর বিধান অনুযায়ী |

**দ্রষ্টব্যঃ**

**পেমেন্ট এর সময় প্রাপক কর্তৃক রিটার্ন দাখিলের প্রমাণ দাখিলকৃত না হলে অথবা ব্যাংকিং চ্যানেলে পেমেন্ট না হলে উৎসে করের হার নির্ধারিত হার অপেক্ষা ৫০ শতাংশ বেশি হবে।**

**উৎসে কর কর্তনে ও জমাদানে ব্যর্থতার ফলাফল ঃ**

- বিল পরিশোধকালে উৎসে কর্তন এবং জমাদানে ব্যর্থ ব্যক্তি/কর্তৃপক্ষ ঐ করের জন্য খেলাপী করদাতা (assessee in default) হিসেবে বিবেচিত হওয়া; (ধারা ১৪৩)
- ব্যার্থতার ক্ষেত্রে কর্তন/সংগ্রহযোগ্য করসহ মাসিক ২% হারে অতিরিক্ত পরিমাণ অর্থ আদায়; [ধারা ১৪৩, উপধারা (৩)]
- কর কর্তন/সংগ্রহে ব্যর্থ প্রতিষ্ঠানের কর নির্ধারণের সময় কর্তনযোগ্য/সংগ্রহযোগ্য কর সংশ্লিষ্ট ব্যয় অনুমোদনযোগ্য খরচ (Allowable Expense) হিসেবে বিবেচিত না হওয়া অর্থাৎ কর্তনযোগ্য/সংগ্রহযোগ্য করের সাথে সংশ্লিষ্ট ব্যয় উক্ত প্রতিষ্ঠানের করযোগ্য আয় হিসেবে গন্য করা;
- প্রযোজ্য ক্ষেত্রে অনধিক ১০ লক্ষ টাকা পর্যন্ত জরিমানা আরোপ; [ধারা ১৪৩(২)]
- এক বৎসর পর্যন্ত সশ্রম কারাদণ্ড বা অর্থদণ্ড বা উভয়দণ্ডে দণ্ডিত করা। (ধারা ৩১৫)

**উৎসে করের রিটার্ন দাখিল সংক্রান্ত তথ্য ঃ**

- আয়কর আইন, ২০২৩ এর ১৭৭ ধারা অনুযায়ী প্রত্যেক কোম্পানী (ক্লিনিক, বেসরকারি হাসপাতাল, ডায়াগনস্টিক সেন্টার, ফার্ম, ব্যক্তিসংঘ, স্থানীয় কর্তৃপক্ষ, স্বায়ত্তশাসিত সংস্থা, ইংরেজী ভাষায় পাঠদানকারী বিদ্যালয়সহ) এর জন্য উৎসে করের রিটার্ন দাখিল বাধ্যতামূলক;
- এ সকল প্রতিষ্ঠানের কর নির্ধারণ (Assessment) যে উপ কর কমিশনারের/ইউনিটের অধিক্ষেত্রাধীন তার নিকট উৎসে করের রিটার্ন দাখিল করতে হবে;
- আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৭৭ মোতাবেক প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের জন্য প্রযোজ্য উৎসে করের রিটার্ন দাখিল করতে হবে।

## যোগাযোগের জন্য :

**উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন), ফোন : ৮৩৩১৬৭৮**

**উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রায়োগিক), ফোন : ৮৩৩১৭০৩**

www. taxeszone15dhaka.gov.bd